



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২৯ জানুয়ারি ২০২৩

রূপকল্প ২০৪১ ও স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে শিক্ষক-শিক্ষার্থীদের আত্মনিয়োগ করতে হবে
- বাউবি উপাচার্য।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএড প্রোগ্রামের ২০২২ ব্যাচের বাউবি'র বগুড়া আঞ্চলিক কেন্দ্রাধীন পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া ও প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই), বগুড়া স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ২৭ জানুয়ারি ২০২৩ শুক্রবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ ও স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে শিক্ষক-শিক্ষার্থীদের আত্মনিয়োগের আহবান জানান।



ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

তিনি বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের তাগিদ দেন। সমগ্র দেশের অনগ্রসর, বারোপড়া, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের মানুষের জন্য সহশিক্ষা প্রচলনসহ বাউবি'র কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষার বার্তা পৌঁছে দেয়ার আহ্বান জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও স্কুল অব এডুকেশনের ডিন প্রফেসর সুফিয়া বেগম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বগুড়া পল্লী উন্নয়ন একাডেমির অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন এবং বগুড়া ও পিটিআই এর সুপারিনটেনডেন্ট আফরোজা সুলতানা। অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক আমিরুল ইসলাম। অনুষ্ঠানে বগুড়া আঞ্চলিক কেন্দ্রের পরিচালক কমলেন্দু বর্মণ ও স্টাডিসেন্টার সমূহের সমন্বয়কারী ও টিউটরগণ উপস্থিত ছিলেন।

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)